10766

7 D-072356

তারিখ বাংলা ১৪১৪ সনের ৪ঠা পৌষ
মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২০শে ডিসেম্বর।

কোবালা গ্রহীতা ঃ -
পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

কোবালা দাতা ঃ
শ্রী প্রসাদ ঘোষ

# সাফ বিক্রয় কোবালা

মুসাবিদাকারক
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কোলকাতা- ৭০০ ০০১।

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ পশ্চিম बंगाल WEST BENGAL 007058

Additional District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

20 DEC 2007

মূল্য ঃ ৮৪,০০,০০০ (চুরাশি লক্ষ টাকা পণ মূল্যের নিঃস্বত্ব

## সাফ বিক্রয় কোবালা পত্র

কোবালা গ্রহীতা ঃ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ, পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা ১০৫, এস. এন. ব্যানার্জ্জী রোড, থানা - তালতলা, কোলকাতা- ৭০০ ০১৪।

কোবালা দাতা ঃ শ্রী প্রসাদ ঘোষ, পিতা - স্বর্গীয় বতীন্দ্র নাথ ঘোষ, জাতি - ভারতীয়, ধর্ম - হিন্দু, পেশা - চাকুরী, সাকিন - বি.সি. ২১/১৬, দেশবন্ধুনগর, পোষ্ট - দেশবন্ধুনগর, কোলকাতা- ৭০০ ০৫৯। হাল সাং - ঘুনী কলোনী পাড়া, পোষ্ট - গৌরাঙ্গনগর, থানা - রাজারহাট, কলিকাতা- ৭০০ ০৫৯।

কস্য হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় হাল আর. এস. ৩০৮২ নং দাগে ৩.৬০ একর মধ্যে কমবেশী ১.০৫ একরের মধ্যে কমবেশী ২৭ (সাতাশ) শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১৬ (ষোল) কাঠা শালি জমি মায় যাতায়াতের সর্ব্ব প্রকার সুযোগ সুবিধা সহ সম্পূর্ন নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় যোগ্য উত্তম স্বত্বের সাফ কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ -

জেলা উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি, পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে: এল: নং - ২৩, রে: স: নং - ২৩২, তৌজি নং -১৭৮ ভুক্ত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে মালেক জমিদার রায়বাহাদুর কানাই লাল নন্দী চৌধুরী মহাশয়ের নিকট হইতে বাংলা ১৩৫৮ সনের ১২ই ফাল্গুন তারিখে এক আমল নামা পত্র দ্বারা পাট্টাই মৌরসী মোকররী রায়তী স্বত্বের বন্দোবস্তীয় বার্ষিক ৫১ টাকা ১৪

A. K. Chakraborty
Kanungo
Housing Board

আনা জমায় জীতেন্দ্র নাথ মন্ডল ১৩.৯০ শতক জমি বন্দোবস্ত লইয়া খাস দখলে ভোগবান ও দখলীকার হন। উক্ত জীতেন্দ্র নাথ মন্ডল ১৩.৯০ শতক জমির মধ্যে ২.২০ শতক জমি বিক্রয় করিবার ঘোষনা করিলে বিগত ইংরাজী ১০/৪/১৯৫৬ তারিখে আমার পিতা শ্রী বতীন্দ্র নাথ ঘোষ ও তাহার চারি ভ্রাতা কালী চরণ ঘোষ, যতীন্দ্র নাথ ঘোষ, তারাপদ ঘোষ ও রোহিদ কুমার ঘোষ ওরফে রোহিত কুমার ঘোষ মহাশয়গণকে সাবেক ২৮৪৫ নং দাগে ২২ শতক, ২৮৭৪/৩০১১ নং দাগে ৩.৬০ একরের মধ্যে ১.০৫ একর, ২৮৭৩ নং দাগে .৯৯ শতকের মধ্যে .৩৩ শতক ও ২৮৭৪ নং দাগে .৬০ শতক মোট চারটি দাগে ২.২০ শতক জমি খরিদ করেন । যাহা কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত হয়। ১নং বহির ৬১ নং ভল্যুমে ১০৮ হইতে ১১২ নং পাতায় ১৯৫৬ সালে ৩৭১৮ নং দলিল মূলে লিপিবদ্ধ ও নথিভুক্ত আছে। উক্ত সম্পত্তি খরিদ করিয়া আমরা সকল ভ্রাতাগণ নিজ নিজ সম্পত্তি আলাদা আলাদা করিয়া স্থানীয় বি. এল. এন্ড এল. আর. মোকামে রেকর্ড করাই।

প্রকাশ থাকে যে, বর্তমানে উক্ত বতীন্দ্র নাথ ঘোষ পরলোক গমন করিলে পর তাহার একমাত্র ওয়ারিশ হিসাবে আমি তাহার পুত্র অত্র কোবালা দাতা আমার নামে উক্ত ১১৭৭ নং এল. আর. খতিয়ানে ও ৩০৮২ নং দাগে কমবেশী ৩৫ শতক সম্পত্তি রেকর্ড ভুক্ত হইয়া মালিকান স্বরূপে ষোল আনা খাসে ভোগ দখল করা কালীন যাহার মধ্যে আমি পূর্বে ০.০৮ শতক সম্পত্তি বিক্রয় করি এবং বর্তামানে আমার রেকর্ড ভুক্ত অবশিষ্ট .২৭

A. K. Chakraborty

শতক বা কমবেশী ১৬(যোল) কাঠা জমি ওয়ারিশান সূত্রে মালিকান স্বরূপে যোল আনা খাসে ভোগ দখল করিয়া আসিতেছি। যাহা দান বিক্রয় বিলি, বন্দোবস্ত ইত্যাদি সমস্ত রকম হস্তান্তরের ক্ষমতা আমার বিত্তমান।

এক্ষণে আমার নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হেতু আমার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হাল আর. এস. ৩০৮২ নং দাগে ৩.৬০ শতকের মধ্যে কমবেশী ১.০৫ শতকের মধ্যে কমবেশী ৩৫ শতক তাহার মধ্যে .২৭ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১৬(যোল) কাঠা শালি জমি যাহা আমার আবেদনের ভিত্তিতে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** বিবেচনা করিলে আমি অত্র কোবালা দাতা বিক্রয় করিতে সম্মত হইলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউজিং ডেভলপমেন্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ সংস্থা) কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ বাজার দরে মায় পণ মূল্যে কাঠা প্রতি ৫,২৫,০০০/- (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকা করিয়া মোট ৮৪,০০,০০০/- (**চুরাশি লক্ষ) টাকা** প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণমূল্যের সমূহ টাকা একবালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশী ৩৫ শতক তাহার মধ্যে .২৭ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১৬(যোল) কাঠা শালি জমি অত্র সাফ কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসান পর্ষদ** -কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরজমিনে মাপ সুরত সীমানা সহরৎ পূর্ব্বক আপনাকে মায় কোম্পানীকে উহার যথারিতী খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকূলে পরিত্যাগ

A K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - কেসমুদয় ভূম্যাদিতে মালিকী স্বত্বের খাস দখল দিলাম। **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেকটারীতে আমার নামের পরিবর্তে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি প্রদান পূর্ব্বক বিক্রয়, বিলি, বন্টন, পত্তনাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মানের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করনের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, লাভ লভ্য সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত বিলুপ্ত হইয়া **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** প্রতি নির্ব্যূঢ় স্বত্বে বর্তাইল ও অর্শিল।

যদি আমি কিংবা আমার কোন ওয়ারিশানগণ অত্র বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব প্রকার আদালতে সর্বতো ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে অন্য কাহারো নিকট কোন প্রকার, দান, বিক্রয়, বিলি, পত্তনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোন কারনে কোন অফিস আদালতে কর্ত্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিম্বা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর

K. Chakraborty
Commr.
Housing Board

কার্য্যের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট বা অন্য কোন সরকারী সংস্থা কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোর পোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার দায়ে কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ হয় নাই বা উহার কোন প্রকার ইনজাংশান জারি হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনামদার করি নাই বা উহা গভর্ণমেন্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী বা খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহীতা উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্ব প্রকার সার্চাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরীত্য ঘটিয়া থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমার স্বত্ব দখলের কোন গলযোগ হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোন প্রকার ক্ষতি হইলে আমি সম্পূর্ণ দায়ী বা দন্ডনীয় হইব এবং আইনত ক্ষতি পূরণ সহ পণমূল্য সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশান গণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যাহা বর্তমানে আমার নিকট আছে তাহা সমুদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাশ মতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশ গণক্রমে দিতে বাধ্য রহিলাম।

K. Chakraborty
Kanungo
B. Housing Board

আরো প্রকাশ থাকে যে, অত্র দলিলের ভবিষ্যতে যদি কোন ভুল ভ্রান্তি, ত্রুটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাতা ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে আপনার খরচায় আপনার তলবে উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য রহিলাম বা থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নকশায় লাল রঙের রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যাতায়াতের রাস্তা আপনার সর্ববিধ ব্যবহারের জন্য রহিল এবং উক্ত রাস্তার উপর দিয়া যাতায়াত, ভাড়া বাঁধা, মন্ডপ নির্মাণ এবং উপর বা নিচ দিয়া বিদ্যুৎ সংযোগ, জল নিকাশী ড্রেন, গ্যাসের পাইপ, টেলিফোন সংযোগ, বিদ্যুৎ স্তম্ভ নির্মাণ প্রভৃতি করিতে পারিবেন তাহাতে অপর কাহারো কোন ওজর আপত্তি চলিবে না।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে, অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পনের সমুদয় টাকা সাক্ষীগণের সম্মুখে গ্রহণ করতঃ এবং অত্র দলিলের সম্যক বিষয় বস্তু সম্পূর্ণ রূপে অবগত হইয়া, স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিস্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা ১৪১৪ সালের ৪ ৮ পৌষ, মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২০ শে ডিসেম্বর।

S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

## তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি,পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে:এল:নং - ২৩ , রে:স:নং - ২৩২, তৌজি নং - ১৭৮ ভুক্ত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে পাট্টাই মৌরসী মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক (সি. এস.) ৩১৫ হাল (এল. আর.) ১২০৯ নং খতিয়ান ভুক্ত ২.১১ শতক জমির মধ্যে এল. আর. ১১৭৭ নং খতিয়ানের অন্তর্গতঃ -

সাবেক (সি. এস.) ২৮৭৪/৩০১১ নং দাগে হাল (আর. এস.) ৩০৮২ নং দাগে শালি ৩.৬০ শতক জমির মধ্যে চিহ্নিত মতে ১.০৫ একরের মধ্যে আমার রেকর্ডেড সম্পত্তি .৩৫ শতক তাহার মধ্যে .২৭ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১৬(ষোল) কাঠা শালি জমি মায় চলাচলের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা জ্যাংড়া হাতিয়াড়া ২ নং গ্রাম পঞ্চায়েতের অধীন। ইহার হারাহারি মতে বার্ষিক খাজনা পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে সন প্রদেয়। অত্র সংলগ্ন নকসায় লাল রঙের রেখার দ্বারা চিহ্নিত ও সীমানকৃত। অত্র নকশা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

- : যাহার চৌহদ্দি : -

উত্তরে ঃ আর. এস. দাগ নং ৩০৮২ অংশ। শ্রী রাজেশ শর্ম্মা।

দক্ষিনেঃ বাগজোলা খাল ও মেইন রোড।

পূর্বে ঃ আর. এস. ৩০৮২ নং দাগের অংশ। শ্রী বাবলু ঘোষ ও শ্রীমতী সন্ধ্যা ঘোষ।

পশ্চিমেঃ আর. এস. ৩০৮২ নং দাগের অংশ বিশেষ তারাপদ ঘোষের ওয়ারিশগণ।

S. K. Chakraborty
Kanungo
[illegible]

Prosad Ghosh

## টাকার জায়

১) ব্যাঙ্ক পে-অর্ডার মারফৎ প্রাপ্ত
এইচ. ডি. এফ. সি., সেন্ট্রাল প্লাজা শাখা,
শরৎ বসু রোড, কোলকাতা- ৭০০ ০১৭। ৭৩,০০,০০০.০০
যাহার নং - ৫৭৯৯৮৬৩

তাং ২৬/১২/২০০৭

২) নগদে ১০০০ টাকার ১১০০ টি
[illegible] ১১০০ [illegible] ১১,০০,০০০.০০

মোটঃ ৮৪,০০,০০০.০০ টাকা

(মবলগে আমি শ্রী প্রসাদ ঘোষ ব্যাঙ্ক পে- অর্ডার ও নগদে মোট চুরাশি লক্ষ টাকা মাত্র বুঝিয়া পাইলাম)।

ইসাদি ঃ -

১) [illegible]
[illegible]
[illegible]
[illegible]

Prosad Ghosh
শ্রী প্রসাদ ঘোষ

২) [illegible]
[illegible]
[illegible]
[illegible]

On behalf of West Bengal Housing Board.
Swapan Kumar Chakrabarty
S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

মুসাবিদাকারক :-
Debasish De
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
হাইকোর্ট, কলিকাতা।

টাইপকারক :-
Nityananda Guha
গুহ টাইপ চেম্বার
১২, ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট
কলিকাতা- ৭০০ ০০১।

⑦

SIGNATURE OF THE PRESENTANT/ EXECUTANT/SELLER/ BUYER/CAIMENT WITH PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS



LH.

RH.

ATTESTED :-



S. K. Chakraborty
Kanungo

LH.

RH.

ATTESTED :-

PHOTO

LH.

RH.

ATTESTED :-

## Government Of West Bengal
## Office of the A. D. S. R. BIDHAN NAGAR
## BIDHAN NAGAR

**Endorsement For deed Number :I-07256 of :2007**
**(Serial No. 10766, 2007)**

---

**On 20/12/2007**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 18.14 on :20/12/2007,at the Private residence by Swapan Kr Chakraborty,Claimant.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on :20/12/2007 by

1. Prasad Ghosh, son of Lt Jatindra Nath Ghosh,B C -21/16 D B Nagar,Thana Rajarhat, By caste Hindu,by Profession :Cultivation
2. Swapan Kr Chakraborty,Paschimbanga Abasan Parshad,105 S N Banerjee Rd,Kol-14,Kol-14, profession :Cultivation

Identified By Sanjay Baral, son of . Gouranganagar Rajarhat Thana: Rajarhat, by caste Hindu,By Profession :Business.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

**On 26/12/2007**

**Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.-10/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 92389/- on:26/12/2007

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs-8400000/-

Certified that the required stamp duty of this document is Rs 504000 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

**Deficit stamp duty**

[Nurul Amin Khan]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

---

Government Of West Bengal
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
BIDHAN NAGAR
Endorsement For deed Number :I-07256 of :2007
(Serial No. 10766, 2007)

---

Deficit stamp duty : 1.Rs 84000/- is paid by the draft no. :123858, Draft date:20/12/2007, Bank name:STATE BANK OF INDIA, Ballygunge Kol, recieved on :26/12/2007. 2.Rs 415200/- is paid by the draft no. :124140, Draft date:19/12/2007, Bank name:STATE BANK OF INDIA, Ballygunge Kol, recieved on :26/12/2007.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

[Nurul Amin Khan]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

## SITE PLAN OF LAND. PART OF R. S. DAG NO.-3082..
## R.S. KH.NO.- 1209 .. AT MOUZA - GHUNI.. J. L. NO.- 23..
## UNDER- JYANGRA-HATIARA 2 NO. GRAM PANCHAYET..
## P.S.-RAJARHAT.. DISTRICT -NORTH 24 PARGANAS..

L.R. Kh. No - 1177

SCALE - N.T.S.

**AREA OF LAND -:0.27 DECIMEL**




**VENDEE**
WEST BENGAL
HOUSING BOARD.

**VENDOR**
SRI. PROSAD GHOSH.

VENDOR'S SIGNATURE

DRAWN BY

MD. SARWARDI
VILL+P.O.- GHUNI
KOLKATA - 700059

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 6
Page from 5685 to 5699
being No 07256 for the year 2007.

(Nurul Amin Khan) 28-December-2007
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
West Bengal

তারিখ বাংলা ১৪১৪ সালের ৪ঠা পৌষ
মোতাবেক ইংরাজী ২০০৭ সনের ২০শে ডিসেম্বর।

কোবালা গ্রহীতা ঃ

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

কোবালা দাতা ঃ

শ্রী প্রসাদ ঘোষ

## সাফ বিক্রয় কোবালা

শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কোলকাতা- ৭০০ ০০১।